ঝিনাইদহে ফল চুরির অপবাদে মাদরাসা ছাত্রকে নির্যাতন

ঝিনাইদহে ইফতারের ফল চুরি করে খাওয়ার অপবাদে এক মাদরাসাছাত্রের ওপর অমানবিক নির্যাতন করার অভিযোগ উঠেছে এক শিক্ষকের বিরুদ্ধে। এ ঘটনায় সামজিক যোগাযোগ মাধ্যমে সমালোচনার ঝড় বইছে।

বুধবার (৫ মার্চ) সকালে সদর উপজেলার মথুরাপুর আদর্শ এতিমখানায় এ ঘটনা ঘটে। নির্যাতনের শিকার সাগর হোসেন ওই এতিমখানার আবাসিক শিক্ষার্থী। সে বাড়িবাথান দাখিল মাদরাসার দশম শ্রেণির ছাত্র।

ভুক্তভোগী সাগর হোসেন বলেন, সোমবার ইফতারের পর দুই মাল্টা স্যারদের না জানিয়ে আমি খেয়েছিলাম। এ নিয়ে কয়েকজন স্যার আমার ওপর ক্ষুব্ধ হয়। পরে আজ সকালে লাঠি ও ক্রিকেট খেলার স্টাম্প দিয়ে আমাকে বেধড়ক মারপিট করে। আমার স্বজনরা জানতে পেরে আমাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে।

এ অভিযোগের বিষয়ে জানতে মাদরাসার শিক্ষক ইমরান হাওলাদারের ব্যবহৃত মোবাইলে একাধিক বার কল করলেও তিনি রিসিভ করেন নি। এমনকি ওই এতিমখানায় গিয়েও তাকে পাওয়া যায়নি।

এ বিষয়ে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন বলেন, ওই মাদরাসাছাত্রের ওপর নির্যাতনের কথা শুনেছি। এ ঘটনায় ভুক্তভোগীর পরিবার লিখিত অভিযোগ দিলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।